# জাতীয় নির্বাচনের আগে গণভোটের দাবি মামুনুল হকের



সংগৃহীত ছবি

বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হক বলেছেন, জাতীয় নির্বাচনের আগে জনগণের মতামত যাচাইয়ে গণভোট আয়োজন জরুরি। তাঁর দাবি, জুলাই সনদের আইনি বৈধতা নিশ্চিত করেই আগামী ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠিত হতে হবে—এর কোনো বিকল্প নেই।

শনিবার (১ নভেম্বর) বিকেলে ময়মনসিংহের ফুলপুর ডিগ্রি কলেজ মাঠে আয়োজিত খেলাফত মজলিসের গণসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মামুনুল হক বলেন, "জুলাই আন্দোলন কোনো একক দলের সাফল্য নয়; এটি ছিল সকল শ্রেণি-পেশা, ধর্ম-বর্ণের মানুষের সম্মিলিত বিজয়। খেলাফত মজলিস প্রতিশ্রুতি দিচ্ছে—আমরা কোনো বিদেশি চাপ বা অপশক্তির কাছে মাথা নত করব না। ইনশাআল্লাহ, জুলাই বিপ্লবের চেতনাই আগামী বাংলাদেশের ভিত্তি হবে।"

সমাবেশে সভাপতিত্ব করেন ফুলপুর উপজেলা খেলাফত মজলিসের সভাপতি মুফতি আজিম উদ্দিন শাহ জামালী। প্রধান বক্তা ছিলেন ময়মনসিংহ-২ (ফুলপুর-তারাকান্দা) আসনের খেলাফত মজলিসের প্রার্থী মুফতি মুহাম্মদুল্লাহ।

LENS ASIA

এছাড়া অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দলের সিনিয়র নায়েবে আমির মাওলানা ইউসুফ আশরাফ, যুগ্ম মহাসচিব মাওলানা আতাউল্লাহ আমীন, কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মুফতি হেদায়াতুল্লাহ হাদী এবং কেন্দ্রীয় বায়তুলমাল সম্পাদক মাওলানা ফজলুর রহমান। সমাবেশে কেন্দ্রীয় ও স্থানীয় নেতারা অংশ নেন।